**বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ**
**বাংলাদেশ ব্যাংক**
**প্রধান কার্যালয়**
**ঢাকা।**
**www.bb.org.bd**

সার্কুলার পত্র নং-২০

তারিখঃ ১৫ জ্যৈষ্ঠ, ১৪২৯
২৯ মে, ২০২২

বৈদেশিক মুদ্রা লেনদেনে নিয়োজিত সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়/প্রিন্সিপাল অফিস ।

প্রিয় মহোদয়,

**১৪৪৩ হিজরী/২০২২ খ্রি. বেসরকারি ব্যবস্থাপনার হজযাত্রীদের সৌদি আরবে প্রদেয় যাবতীয় ব্যয় স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এ প্রেরণ সংক্রান্ত।**

শিরোনামোক্ত বিষয়ে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের হজ-১ শাখার ২৪/০৫/২০২২ তারিখের পত্র স্মারক নং- ১৬.০০.০০০০.০০৩.৪০.০০৮.২২.৫৯৬ (কপি সংযুক্ত) এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। হজযাত্রীদের নামের তালিকা দাখিল সাপেক্ষে বাধ্যতামূলকভাবে স্ব-স্ব হজ এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এর মাধ্যমে ১৪৪৩ হিজরী/২০২২ সালে বেসরকারি ব্যবস্থাপনায় গমনেচ্ছু হজযাত্রীদের সৌদি আরবে যাবতীয় ব্যয় বাবদ হজযাত্রী প্রতি সর্বনিম্ন টাকা ৩,০৪,৩০২.১৫ (টাকা তিন লক্ষ চার হাজার তিনশত দুই এবং পয়সা পনের) এর সমপরিমাণ সৌদি রিয়াল ১২,৫২২.৭২ (সৌদি রিয়াল বার হাজার পাঁচশত বাইশ এবং হালালা বাহাত্তর) যথাযথ আর্থিক বিধি-বিধান অনুসরণপূর্বক সৌদি আরবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০৩। অনুগ্রহপূর্বক সংশ্লিষ্ট সকল পক্ষকে সার্কুলার পত্রের বিষয়বস্তু সর্ম্পকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

সংযোজনী ঃ বর্ণনা মোতাবেক ।

(কাজী রফিকুল হাসান)
পরিচালক (এফইপিডি)
ফোন ঃ ৯৫৩০১২৩

**একই নম্বর ও তারিখের স্থলাভিষিক্ত**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.hajj.gov.bd

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৮.২২.৫৯৬

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৪ মে ২০২২

বিষয়: **১৪৪৩ হিজরি মৌসুমে বেসরকারি ব্যবস্থাপনায় হজযাত্রী প্রতি =৩,০৪,৩০২.১৫ (তিন লক্ষ চার হাজার তিনশত দুই টাকা পনের পয়সা) টাকার সমপরিমাণ ১২৫২২.৭২ সৌ: রি: সংশ্লিষ্ট হজ এজেন্সি কর্তৃক স্ব স্ব IBAN এর অর্থ সৌদি আরবে প্রেরণে অনুমতি প্রদান।**

হিজরি ১৪৪৩/ ২০২২ খ্রি. সনের হজ মৌসুমে রাজকীয় সৌদি সরকারের নির্দেশনা মোতাবেক হজকার্যক্রমে সৌদি পর্বের যাবতীয় ব্যয়ের আর্থিক লেনদেন স্ব-স্ব হজ এজেন্সির IBAN এর মাধ্যমে সৌদি আরবে প্রেরণ করা প্রয়োজন। সে লক্ষ্যে হিজরি ১৪৪৩/২০২২ খ্রি. সনের হজ মৌসুমের জন্য বেসরকারি ব্যবস্থাপনার নিবন্ধিত হজযাত্রী প্রতি সর্বনিম্ন ৩,০৪,৩০২.১৫ (তিন লক্ষ চার হাজার তিনশত দুই টাকা পনের পয়সা) টাকার সমপরিমাণ ১২৫২২.৭২ (বার হাজার পাঁচশত বাইশ সৌদি রিয়াল বাহাত্তর হালালা) সৌ: রি: হারে হজ এজেন্সি কর্তৃক সৌদি আরবে স্থানান্তরের প্রয়োজন হবে।

০২। বর্ণিতাবস্থায়, সুষ্ঠু হজ ব্যবস্থাপনার স্বার্থে হিজরি ১৪৪৩/২০২২ খ্রি. সনের হজ মৌসুমের জন্য বেসরকারি ব্যবস্থাপনার হজ এজেন্সিসমূহের নিবন্ধিত হজযাত্রী প্রতি সর্বনিম্ন ৩,০৪,৩০২.১৫ (তিন লক্ষ চার হাজার তিনশত দুই টাকা পনের পয়সা) টাকার সমপরিমাণ ১২৫২২.৭২ (বার হাজার পাঁচশত বাইশ সৌদি রিয়াল বাহাত্তর হালালা) সৌ: রি: হারে হজ এজেন্সির মালিক/বৈধ প্রতিনিধিকে আর্থিক বিধি-বিধান অনুযায়ী সৌদি আরবে স্থানান্তরে অনুমতি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। **বিষয়টি অতিব জরুরি।**

২৯.০৫.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব
ফোন: +৮৮-০২-৫৫১০১১১৮
ইমেইল: morahajsection@gmail.com

গভর্নর
বাংলাদেশ ব্যাংক
মতিঝিল, ঢাকা

স্মারক নং-১৬.০০.০০০০.০০৩.৪০.০০৮.২২.৫৯৬

তারিখ : ১০ জ্যৈষ্ঠ ১৪২৯ / ২৪ মে ২০২২

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা/প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
২. সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সংশ্লিষ্টদের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের সবিনয় অনুরোধসহ)।
৩. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৪. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা
৫. কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব
৬. পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৭. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)
৮. সচিবের একান্ত সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
৯. অতিরিক্ত সচিব (হজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিবের সদয় অবগতির জন্য)
১০. সভাপতি/মহাসচিব, হজ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ, ৩০, নয়াপল্টন, সাত্তারা, সেন্টার, ঢাকা
১১. ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লিমিটেড, ১২, কাওরান বাজার, ঢাকা
১২. অফিস কপি।

২৯.০৫.২০২২

আবুল কাশেম মুহাম্মদ শাহীন
উপসচিব